

স্বাক্ষর

## ঢাকার ১১ সরকারী হাইস্কুলের প্রধান শিক্ষক বদল

স্টাফ রিপোর্টার : রাজধানীর বাইরের একটিনই ঢাকার এগারোটি হাইস্কুলের প্রধান শিক্ষকদের বদল করা হয়েছে। তবে সবাইকেই রাজধানীর ভেতরের এক জুলা থেকে (২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

### ঢাকার ১১ সরকারী হাইস্কুলের (১২-এর পাতার পর)

আরেক জুলা বদলি করা হয়েছে।

সরকার এক প্রজ্ঞাপন জারি করে তাঁদের বদলি করে। জানা গেছে, যাদের বদলি করা হয়েছে তাঁদের মধ্যে ঢাকা গভঃ ল্যাবরেটরি হাইস্কুলের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলামকে বদলি করা হয়েছে মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে। আর বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম মোস্তফা কামালকে একই পদে বদলি করা হয়েছে ঢাকা গভঃ ল্যাবরেটরি হাইস্কুলে। মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিলকিস বেগমকে বদলি করা হয়েছে ধানমতি কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ে। নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওবায়দা বানুকে বদলি করা হয়েছে টিকাতলি কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ে। আর টিকাতলি কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভীন ফজিলাকে পাঠানো হয়েছে মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে। ধানমতি কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রওশন আরা আক্তারকে বদলি করা হয়েছে ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়ে। আর ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বানুকে বদলি করা হয়েছে ধানমতি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে। ধানমতি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসরিন সুলতানাকে বদলি করা হয়েছে বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে। গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহিনা আক্তারকে বদলি করা হয়েছে নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়ে। মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জান্নাতুল আরাফকে বদলি করা হয়েছে আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ে। ঢাকার বাইরে জয়দেবপুর সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহিদা বেগমকে বদলি করা হয়েছে গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়ে। বদলির আদেশ পাওয়া ঢাকা গভঃ ল্যাবরেটরি হাইস্কুলের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলাম জনকণ্ঠকে বদলির কথা জানিয়ে বলেছেন, আজ বৃহস্পতিবার তিনি তাঁর নতুন জুলা যোগদান করবেন।